# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 12-02-2025 Time: 7-35 A.M.**

বিশেষ বিশেষ খবর -

১) ২০২৫-২৬ আর্থিক বছরের রাজ্য বাজেট আজ পেশ হবে। বিকেল চারটেয় বাজেট প্রস্তাব পেশ করবেন অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য।

২) বর্তমান সরকারের আমলে পশ্চিমবঙ্গে দুর্নীতি একটি প্রতিষ্ঠানিক রূপ নিয়েছে বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন মন্তব্য করেছেন। এর তীব্র প্রতিবাদ জানিয়েছে তৃণমূল কংগ্রেস।

৩) রাজ্য সরকার Shab-e-Barat উপলক্ষ্যে আগামীকাল ও ঠাকুর পঞ্চানন বর্মার জন্মদিন উপলক্ষে ১৪ তারিখ শুক্রবার ছুটি ঘোষণা করেছে।

৪) আজ মাঘী পূর্ণিমা। প্রয়াগরাজের মহাকুম্ভে শাহী স্নানের সঙ্গেই এরাজ্যে ত্রিবেনী ও গঙ্গাসাগর সহ অন্যান্য নদ নদীতে চলছে পূন্যস্নান।

৫) উত্তরাখণ্ডে আয়োজিত ন্যাশনাল গেমসে গতকাল বাংলা জিমন্যাস্টিক্সে একটি সোনা ও তিনটি রূপো পেয়েছে।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে ২০২৫-২৬ আর্থিক বছরের রাজ্য বাজেট আজ পেশ হবে। বিকেল চারটেয় বাজেট প্রস্তাব পেশ করবেন অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। ২০২৬ সালের বিধানসভা ভোটের আগে বর্তমান সরকারের শেষ পূর্ণাঙ্গ বাজেটকে কেন্দ্র করে সব মহলের কৌতূহল তুঙ্গে। আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

(ভিসি- অভিরূপ)

oooooooooooooooooooooo

বর্তমান সরকারের আমলে পশ্চিমবঙ্গে দুর্নীতি, একটি প্রতিষ্ঠানে পরিণত হয়েছে বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন মন্তব্য করেছেন। সংসদে ২০২৫-২৬-এর কেন্দ্রীয় বাজেটের ওপর আলোচনায় তৃণমূল কংগ্রেস সাংসদরা এবারের বাজেটকে বাংলা বিরোধী বলে উল্লেখ করায় শ্রীমতি সীতারামন গতকাল তাঁর জবাবে জানান, পশ্চিমবঙ্গের জন্য কেন্দ্রীয় বাজেটে রেল, মেট্রো, সড়ক, স্বাস্থ্য সহ একাধিক ক্ষেত্রে বিপুল পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে। ১৯৪৭ সালে গোটা দেশের শিল্পোৎপাদনের মধ্যে পশ্চিমবঙ্গের অবদান ছিল ২৪ শতাংশ। যা এখন সাড়ে তিন শতাংশে নেমে এসেছে। বাংলায় মাথাপিছু রোজগারের হারে গত ২০ বছর ধরে জাতীয় হারের তুলনায় পিছিয়ে আছে। নলবাহিত পানীয় জল সরবরাহের ক্ষেত্রে জাতীয় ব্যায় ৭৪ শতাংশ। বাংলার ক্ষেত্রে যা মাত্র ৪৩ শতাংশ। ১০০ দিনের এবং আবাস যোজনায় ব্যাপক দুর্নীতির অভিযোগ তুলে তিনি বলেন, এ রাজ্যে সাধারণ মানুষকে শোষন করছে রাজ্য সরকার। তৃণমূল কংগ্রেস হয়ে সমাজের তৃণমূল স্তরের মানুষকে তারা বঞ্চলা করছে বলেও অভিযোগ করেন শ্রীমতি সীতারামন।

(বাইট- সীতারামন)

oooooooooooooooooooooo

এদিকে, অর্থমন্ত্রীর এই বক্তব্যের তীব্র প্রতিবাদ জানিয়েছে তৃণমূল কংগ্রেস। দলের পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়, অর্থমন্ত্রী শুধুমাত্র বাংলাকে লক্ষ্য করেই আক্রমণ করেছেন। রাজ্যে শিল্পে অগ্রগতির বিভিন্ন দিক তুলে ধরে সম্প্রতি শেষ হওয়া বাণিজ্য সম্মেলনে আসা বিনিয়োগ প্রস্তাবের বিষয়টিও বিবৃতিতে উল্লেখ করা হয়। গতসন্ধ্যায় সংসদ ভবন থেকে বেরিয়ে তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ ব্যানার্জী বলেন, শ্রীমতি সীতারামনের এই বক্তব্য রাজনৈতিক উদ্দেশ্য প্রনোদিত।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গ বিধানসভায় এসে বক্তব্য রাখার ইচ্ছে প্রকাশ করেছেন, দেশের উপরাষ্ট্রপতি তথা রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনকর। রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের কাছে দূত পাঠিয়ে শ্রী ধনখড় এ ব্যাপারে আগ্রহের কথা জানিয়ে বলেন, নিজের নয় রাজ্যের লিখে দেওয়া ভাষণই পাঠ করতে চান তিনি। উপরাষ্ট্রপতি তথা রাজ্যের প্রাক্তন রাজ্যপালের এই প্রস্তাবিত সফরকে স্বাগত জানিয়ে অধ্যক্ষ বলেন, এই ঘটনা অভূতপূর্ব। দেশের কোনও উপরাষ্ট্রপতির রাজ্য বিধানসভায় এসে বক্তব্য রাখার নজির নেই। তবে বাজেট অধিবেশনে উপরাষ্ট্রপতিকে বক্তব্য রাখার সুযোগ দেওয়ার আইনি সংস্থান না থাকায় বিশেষ অধিবেশন ডেকে উপরাষ্ট্রপতির ভাষণ দেওয়ার ব্যবস্থা করা হবে। এই বিষয়ে কি করনীয় তা স্থির করতে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় আজ বিধানসভায় কার্যনির্বাহী কমিটির বিশেষ বৈঠক ডেকেছেন বলেও জানা গেছে।

ooooooooooooooooooooo

২০২৪-২৫ এর রাজ্য বাজেটে নদী সমুদ্রের মৎস্যজীবীদের জন্য ঘোষিত প্রকল্প “সমুদ্র সাথী" এক বছরেও চালু না হওয়ায় ক্ষোভ প্রকাশ করেছে মৎস্যজীবীদের সংগঠন দক্ষিণ বঙ্গ মৎস্যজীবী ফোরাম। গতকাল কলকাতা প্রেস ক্লাবে এক সাংবাদিক বৈঠকে সংগঠনের সভাপতি দেবাশীষ শ্যামল বলেন, দীর্ঘ ১০ বছর ধরে তাঁরা এই সহায়তার জন্য লড়াই চালিয়ে যাচ্ছেন।

(বাইট - দেবাশীষ শ্যামল)

উল্লেখ্য,মাছের প্রজননের জন্য উপকূল এলাকায় ১৪ই এপ্রিল থেকে ১৫ই জুন এই ৬১দিন মাছ ধরার উপরে সরকারি নিষেধাজ্ঞা রয়েছে। এই সময়ে সরকার মৎস্যজীবীদের পাশে না দাঁড়ালে তাঁরা খুবই অসহায় বলে সংগঠনের তরফে জানানো হয়েছে।

ooooooooooooooooooooo

রাজ্য সরকার Shab-e-Barat উপলক্ষ্যে আগামীকাল ১৩ তারিখ ও ঠাকুর পঞ্চানন বর্মার জন্মদিন উপলক্ষে আগামী ১৪ই ফেব্রুয়ারি শুক্রবার ছুটি ঘোষণা

করেছে। রাজ্য সরকারের অর্থ দপ্তর আজ এক বিজ্ঞপ্তিতে এই ছুটির কথা ঘোষণা করে। এর ফলে সপ্তাহান্তের শনি ও রবিবার নিয়ে টানা চারদিন, রাজ্য সরকারি দপ্তর, পুরসভা ও পঞ্চায়েত, পুরনিগম, স্বশাসিত সংস্থা এবং রাজ্য সরকার নিয়ন্ত্রিত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্র ও রাজ্যের বিরুদ্ধে একগুচ্ছ অভিযোগ তুলে বামদলগুলি পথে নামতে চলেছে। বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু এক বিবৃতিতে জানিয়েছেন, আগামী ১৪ থেকে ২০ ফেব্রুয়ারি রাজ্যের সব জেলায় এ ব্যাপারে প্রচারাভিযান চালানো হবে। মূলতঃ কেন্দ্রীয় বাজেটের প্রতিবাদ, বিকল্প বাজেট প্রস্তাবের সমর্থন ও রাজ্যে বেকারত্ব এবং কর্মসংস্থানের সমস্যা সহ সাম্প্রদায়িক সম্প্রীতি শক্তিশালী করার ওপর জোর দেওয়া হবে বলে এক বিবৃতিতে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ মাঘী পূর্ণিমা। এই উপলক্ষ্যে উত্তরপ্রদেশের প্রয়াগরাজে মহাকুম্ভে চলছে শাহী স্নান।

এদিকে, হুগলির ত্রিবেণীতেও শাহি স্নানের আয়োজন করা হয়েছে। বর্ণাঢ্য রাজসিক শোভাযাত্রার মধ্যে দিয়ে আর একটু পরেই শুরু হবে পথ পরিক্রমা। সাধু সন্তসহ সহ হাজার হাজার মানুষ বর্ণাঢ্য শোভাযাত্রা সহকারে দক্ষিণ প্রয়াগ সঙ্গমে অমৃত স্নানে অংশ নেবেন। সাতশো বছর পর অনুকুম্ভ স্নান মহোৎসবকে ঘিরে উন্মাদনা তুঙ্গে। ভীড় সামাল দিতে তৎপর প্রশাসন

নদীয়ার কল্যাণীর মাঝের চরে গৌরাঙ্গ ঘাটে বসেছে মেলা । গঙ্গা সাগরেও পুণ্যার্থীরা পূন্য স্নান করবেন। সাগর থেকে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন।

(ভিসি- গৌতম মন্ডল)

০০০০০০০০০০০০০০০০০০০০০

নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ভারত সেবাশ্রম সংঘের প্রতিষ্ঠাতা শ্রীমৎ স্বামী প্রনবানন্দজী মহারাজের জন্মতিথি উদযাপিত হচ্ছে। এই উপলক্ষে সকালে

মঙ্গল আরতি, ভক্তিমূলক গান, পূজা পাঠ, ধর্ম আলোচনা প্রভৃতি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। কলকাতার রাসবিহারী এভিনিউ বালিগঞ্জে ভারত সেবাশ্রম সংঘের প্রধান কেন্দ্র সহ দেশ বিদেশের সমস্ত ভারত সেবাশ্রম সংঘের কেন্দ্রগুলিতেও হচ্ছে পুজোপাঠ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপালকে চিঠি দিয়ে স্কুল সার্ভিস কমিশনকে ভেঙ্গে ফেলা এবং প্রাক্তন শিক্ষা মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়কে অতিরিক্ত নিরাপত্তা দেবার দাবী তুললেন পুরুলিয়ার সাংসদ তথা রাজ্য বিজেপির সাধারণ সম্পাদক জ্যোতির্ময় সিং মাহাতো। গতকাল রাজ্যপাল সিভি আনন্দ বোসের উদ্দেশ্যে লেখা চিঠিতে তিনি অভিযোগ করেন, শুধু বর্তমান নয়, প্রাক্তন সিপিআইএমের আমল থেকেই এস এস সিতে দুর্নীতি হচ্ছে। এই পরিস্থিতিতেই এস এস সি ভেঙ্গে দেবার আবেদন জানান তিনি। শ্রী মাহাতো আরো বলেন, প্রাক্তন মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে চলা মামলার রায় ঘোষনা হতে বেশী দেরী নেই। এমতাবস্থায় প্রাক্তন মন্ত্রীর উপযুক্ত নিরাপত্তার দাবী করেন সাংসদ। রাজ্যপালের পাশাপাশি প্রধানমন্ত্রীর দপ্তর এবং স্বরাষ্ট্রমন্ত্রককেও চিঠি দিয়েছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরাখণ্ডে আয়োজিত ন্যাশনাল গেমসে গতকাল বাংলা জিমন্যাস্টিক্সে একটি সোনা ও তিনটি রূপো পেয়েছে। আর্টিস্টিক জিমন্যাস্টিক্স-এ বাংলার মেয়েরা স্বর্ণ পদক জয় করেছে। বাংলা দলে ছিলেন প্রণতি দাস, বিদিশা গায়েন , প্রতিষ্ঠা সামন্ত, ঋতু দাস এবং জিনিয়া দেবনাথ।

জিমন্যাস্টিক্স-এ Acrobatic pair ইভেন্টে রিম্পা দেবনাথ ও স্নেহা দেবনাথ রূপো পেয়েছেন। মহিলাদের Trio ইভেন্টে প্রিয়ঙ্কা দেবনাথ, সঙ্গীতা বিশ্বাস, স্নেহা মন্ডল এবং অল রাউন্ড আর্টিস্টিক ইন্ডিভিজুয়াল ইভেন্টে প্রণতি দাস রূপো জিতেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০